

# ইস্টার্ন রিফাইনারী লিমিটেড

(বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)  
উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম।

[www.erl.com.bd/](http://www.erl.com.bd/) [www.erl.gov.bd](http://www.erl.gov.bd/)

## সিটিজেন চার্টার

### ১। প্রতিষ্ঠান পরিচিতি :

জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) এর অঙ্গ প্রতিষ্ঠান ইস্টার্ন রিফাইনারী লিমিটেড, উত্তর পতেঙ্গা, চট্টগ্রামে অবস্থিত। ১৯১৩ সালের কোম্পানি আইন (১৯৯৪ সালে সংশোধিত) এর আওতায় ইআরএল পাবলিক লিমিটেড কোম্পানি হিসাবে নিবন্ধিত। অত্র কোম্পানির সার্বিক পরিচালনার দায়িত্ব ১৯১৩ (১৯৯৪) সালের কোম্পানি আইনের অধীনে গঠিত পরিচালনা পর্ষদের উপর ন্যস্ত। ইআরএল নির্মাণ কাজ সমাপ্ত হওয়ার পর ৭ মে ১৯৬৮ সালে বাণিজ্যিকভাবে উৎপাদন শুরু করে। প্রথম অবস্থায় ইআরএল মূলত একটি ফুয়েল রিফাইনারী হিসাবে সীমিত কলেবরে স্থাপিত হলেও পরবর্তীকালে বিভিন্ন নন-ফুয়েল পণ্য যেমন : জুট ব্যাচিং অয়েল, মিনারেল টারপেনটাইন (এমটিটি), এসবিপিএস, বিটুমিন প্রভৃতি উৎপাদন শুরু করে। ইস্টার্ন রিফাইনারী লিমিটেড এর প্রধান কাঁচামাল বিদেশ থেকে আমদানীকৃত “ক্রুড অয়েল” বা অপরিশোধিত খনিজ তেল।

২। **রূপকল্প (Vision):** পণ্যের গুণগত মান বজায় রেখে নিরাপদ, নিরবচ্ছিন্ন ও সাশ্রয়ী উৎপাদন নিশ্চিত করা।

৩। **অভিলক্ষ (Mission):** নিরবচ্ছিন্ন ক্রুড অয়েল সংগ্রহ ও সর্বোচ্চ মাত্রায় প্রক্রিয়াকরণ নিশ্চিত করা।

- ৩.১। রিফাইনারীকে লাভজনক ও বাণিজ্যিক ভাবে পরিচালনা করা।
- ৩.২। মান সম্মত পণ্য উৎপাদন করা।
- ৩.৩। দেশের জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করা।
- ৩.৪। দক্ষ জনশক্তি গড়ে তোলা।

### ৪। কার্যাবলী (Function) :

- ৪.১। নিরবচ্ছিন্নভাবে ক্রুড অয়েল সংগ্রহ করা।
- ৪.২। সংগৃহীত ক্রুড অয়েল পরিশোধন করা এবং বিভিন্ন জাতের পেট্রোলিয়াম পণ্য তৈরী করা।
- ৪.৩। ক্ষতিগ্রস্ত যন্ত্রপাতির প্রতিস্থাপন করা এবং আনুসঙ্গিক সুবিধাদি প্রতিষ্ঠা করা।
- ৪.৪। রিফাইনারী উৎপাদিত পণ্যের নিরবচ্ছিন্ন সরবরাহ নিশ্চিত করা।
- ৪.৫। পণ্যের গুণগত মান নিয়ন্ত্রনের লক্ষ্যে নিয়মিতভাবে তা পর্যবেক্ষণ করা।
- ৪.৬। রক্ষনাবেক্ষনের সময়সূচী অনুযায়ী প্ল্যান্টের রক্ষনাবেক্ষন নিশ্চিত করা।
- ৪.৭। যথাযথ প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনবল গড়ে তোলা।
- ৪.৮। দেশের চাহিদা মিটিয়ে বাড়তি পণ্য বিদেশে রপ্তানীর ব্যবস্থা করা।

৫। পণ্য ও সেবার বিবরণ : ইআরএল একটি খনিজ তেল শোধনাগার যা মূলতঃ বিপিসি কর্তৃক কাঁচামাল হিসাবে আমদানীকৃত ড্রুড অয়েল পরিশোধন করতঃ নিম্নবর্ণিত বিভিন্ন পেট্রোলিয়াম পণ্য উৎপাদন করা হয় :

- ক। এল পি জি (লিকুইফাইড পেট্রোলিয়াম গ্যাস)
- খ। এস বি পি এস (স্পেশাল বয়েলিং পয়েন্ট সলভেন্ট)
- গ। মোটর গ্যাসোলিন (রেগুলার)
- ঘ। মোটর গ্যাসোলিন (প্রিমিয়াম)
- ঙ। ন্যাফথা
- চ। মিনারেল টারপেন্টাইন
- ছ। কেরোসিন
- জ। জেট এ-১ (জেট ফুয়েল)
- ঝ। এইচ এস ডি (হাই স্পিড ডিজেল)
- ঞ। জে বি ও (জুট ব্যাচিং অয়েল)
- ট। এল ডি ও (লাইট ডিজেল অয়েল)
- ঠ। এইচ এস এফ ও (হাই সালফার ফার্নেস অয়েল)
- ড। বিটুমিন (৬০/৭০ গ্রেড ও ৮০/১০০ গ্রেড)

উল্লেখ্য, উৎপাদিত পণ্য ইআরএল সরাসরি নাগরিকদের কাছে বিক্রয় বা সরবরাহ করে না। উৎপাদিত/পরিশোধিত পণ্য বিভিন্ন স্টোরেজ ট্যাংকে মঞ্জুর করা হয় এবং বিপিসি'র নির্দেশনা মোতাবেক পাইপ লাইনের মাধ্যমে বিভিন্ন মার্কেটিং কোম্পানি (যথা- পদ্মা অয়েল কোম্পানি লিমিটেড, যমুনা অয়েল কোম্পানি লিমিটেড, মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড, স্ট্যাভার্ড এশিয়াটিক অয়েল কোম্পানি লিমিটেড এবং এল পি গ্যাস লিমিটেড) কে সরবরাহ করা হয়। বিটুমিন ব্যারেলজাত করার পর ট্রাকের মাধ্যমে বর্ণিত মার্কেটিং কোম্পানি সমূহে প্রেরণ করা হয়। এছাড়া এসব মার্কেটিং কোম্পানির চাহিদা মোতাবেক ভাউচারের মাধ্যমেও বাল্কে তরল বিটুমিন সরবরাহ করা হয়ে থাকে।

#### ৬। প্রতিশ্রুতি সেবা সমূহ :

- ৬.১। নাগরিক সেবা : প্রতিষ্ঠানের কার্যাবলীর আওতায় সরকারি নির্দেশনা মোতাবেক ড্রুড অয়েল পরিশোধনপূর্বক গৃহীত বিভিন্ন পণ্য বিপিসি'র আওতাভুক্ত মার্কেটিং কোম্পানি সমূহে সরবরাহ করা হয়। যা পূর্বেই উল্লিখিত হয়েছে। এ প্রেক্ষাপটে এ প্রতিষ্ঠানের সংগে সাধারণ নাগরিকদের প্রত্যক্ষ যোগাযোগ (লেন-দেন) তেমন একটা নেই। বিভিন্ন বিধিবদ্ধ পদ্ধতিতে লেন-দেন (Transaction) হয়ে থাকে যার সংগে সাধারণ নাগরিকগণ কোন ভাবেই সম্পৃক্ত নন।
- ৬.২। অপরিশোধিত খনিজ তেল এবং পরিশোধিত পেট্রোলিয়াম পণ্য ইত্যাদি নির্ধারিত সার্ভিস চার্জের বিনিময়ে আন্তর্জাতিক (ASTM, UOP, API) ও স্থানীয় ((BSTI) মানের পরীক্ষা করা হয়।
- ৬.৩। দেশের একমাত্র জ্বালানি তেল শোধনাগারে কর্মরত কর্মকর্তা ও প্রকৌশলীগণ দেশের জ্বালানি সংস্থার যে কোন সমস্যা নিরসন বা বিশেষ মতামতের জন্য সরকার/বিপিসি কর্তৃক মনোনীত হয়ে থাকেন এবং এ ব্যাপারে বিশেষজ্ঞ মতামত দিয়ে থাকেন।